

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

অফিস আদেশ

নথি নং- ১৭(৩) শূঃনীঃও বাঃ/২০১৩/১৪৪

তারিখ ২৩ এপ্রিল, ২০২০ খ্রিঃ।

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতিতে চট্টগ্রাম বন্দরে সৃষ্ট কন্টেইনারজট নিরসনে চট্টগ্রামে অবস্থিত অফডকসমূহে (প্রাইভেট আইসিডিসমূহ) অনুমোদিত পণ্যের অতিরিক্ত পণ্য সাময়িকভাবে সংরক্ষণ ও আনস্টাফিং করার এবং উক্ত অফডকসমূহ হতে খালাসের অনুমতি প্রদান।

সূত্র: ১. নৌ-পরিবহন মন্ত্রণালয়ের স্মারক নং-১৮.০০.০০০০.০২১.১৮.০৯২.১৭.৪ তারিখ ১৬ এপ্রিল, ২০২০ খ্রিঃ।
২. নৌ-পরিবহন মন্ত্রণালয়ের স্মারক নং-১৮.০০.০০০০.০২১.১৮.০৯২.১৭.৭ তারিখ ২০ এপ্রিল, ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতিতে চট্টগ্রাম বন্দরে সৃষ্ট কন্টেইনারজট নিরসনের লক্ষ্যে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সূত্র (১) ও (২) এর পত্রের সুপারিশের আলোকে চট্টগ্রাম বন্দরে আগত সকল ধরনের পণ্যচালান সংশ্লিষ্ট কন্টেইনার নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে চট্টগ্রামে অবস্থিত ১৯ টি অফডক (প্রাইভেট আইসিডি) এ সংরক্ষণ ও আনস্টাফিং করার এবং উক্ত অফডকসমূহ হতে খালাস প্রদানের অনুমতি প্রদান করা হলো:

- অফডকসমূহে স্থানান্তরের সময় শতভাগ কন্টেইনার আবশ্যিকভাবে স্ক্যানিং করতে হবে এবং স্ক্যানিং এর রিপোর্ট যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
- অফডকে স্থানান্তরিত সকল কমার্শিয়াল পণ্যচালান আবশ্যিকভাবে কাস্টম হাউস, চট্টগ্রাম এবং শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের প্রতিনিধির সমন্বয়ে যৌথভাবে শতভাগ কায়িক পরীক্ষা করে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩০ জুন, ২০২০ খ্রিঃ তারিখের পর এ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।



২৩/০৪/২০২০

মোহাম্মদ মেহরাজ-উল-আলম সন্ত্রাট

দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

৫. অতিরিক্ত মহাপরিচালক, আঞ্চলিক কার্যালয়, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, চট্টগ্রাম।
৬. সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
৭. সভাপতি, বিকডা, আখতারুজ্জামান সেন্টার, ২১-২২ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৮. সভাপতি, চিটাগাং ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন/ বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন/বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন/বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, চট্টগ্রাম।
৯. পি এস টু মাননীয় মন্ত্রী, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় নজরে আনার জন্য)।
১০. প্রথম সচিব (কাস্টমস: নীতি ও বাজেট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১. প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্দ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় নজরে আনার জন্য)।
১৩. জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪. পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্দ ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।